**Proctor Office**
**Comilla University**
**Cumilla-3506, Bangladesh**
Tel : (+88) 02334411122-25 (PABX-130)
E-mail : proctor@cou.ac.bd
Web : www.cou.ac.bd

**প্রক্টর অফিস**
**কুমিল্লা বিশ্ববিদ্যালয়**
**কুমিল্লা-৩৫০৬, বাংলাদেশ**
ফোন : (+৮৮) ০২৩৩৪৪১১১২২-২৫ (পিএবিএক্স-১৩০)
ই-মেইল : proctor@cou.ac.bd
ওয়েব : www.cou.ac.bd

তারিখ: ১৪/০৯/২০২৫

**প্রক্টরিয়াল বডির জরুরি নির্দেশনা ও সিদ্ধান্তঃ**

১। কনভোকেশন উপলক্ষ্যে ও শিক্ষার্থীদের নিরাপত্তা রক্ষায় বিশ্ববিদ্যালয়ের অভ্যন্তরে বিকেল পাঁচটার পরে বহিরাগত লোকজনের প্রবেশাধিকার কঠোরভাবে নিষিদ্ধ। এই নিষেধাজ্ঞার কোনো ব্যত্যয় ঘটলে, সেখানে বিশ্ববিদ্যালয়ের কেউ সম্পৃক্ত থাকার প্রমাণ পাওয়া গেলে, তাকেসহ সংশ্লিষ্টকে শোকজ প্রদান ও তার বিরুদ্ধে প্রয়োজনীয় শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।

২। বিশ্ববিদ্যালয়ের বাইরের কোনো ব্যক্তিগত বা পারিবারিক ঘটনা বা দুর্ঘটনার দায় অযৌক্তিকভাবে বিশ্ববিদ্যালয় প্রশাসনের উপর চাপানোর প্রয়াসকে ষড়যন্ত্র বিবেচনা করা হবে এবং তা খতিয়ে দেখে উপযুক্ত প্রমাণ মিললে প্রয়োজনীয় শাস্তির ব্যবস্থা গ্রহণ করা হবে।

৩। প্রভোস্ট কমিটি কর্তৃক প্রণীত নীতিমালা অনুযায়ী স্নাতকোত্তর পরীক্ষা ও মৌখিক পরীক্ষা সম্পন্ন হওয়ার পনের দিন অতিবাহিত হওয়ার পর কোনো শিক্ষার্থী এবং বিশ্ববিদ্যালয় থেকে বহিস্কৃত যেকোনো শিক্ষার্থী আবাসিক হলে অবস্থান না করার বিষয়ে হল-প্রশাসনের আশু দৃষ্টি আকর্ষণ করছে প্রক্টরিয়াল বডি।

৪। যেহেতু বিশ্ববিদ্যালয়ে ছাত্ররাজনীতি নিষিদ্ধ, সেহেতু যে কোনো প্রকার রাজনৈতিক কার্যক্রম বিশ্ববিদ্যালয়ের অভ্যন্তরে পরিচালনা করলে বিধি অনুযায়ী কঠোর ব্যবস্থা গ্রহণ করা হবে।

৫। সাম্প্রতিক সময়ে গভীর রাতে কিংবা দাপ্তরিক সময়ের বাইরের বেশ কয়েকটি ঘটনা পর্যালোচনা করে দেখা গেছে বিশ্ববিদ্যালয়ে প্রত্যক্ষ ও পরোক্ষভাবে তৃতীয় পক্ষের ইন্ধনে মব বা অস্থিরতা সৃষ্টির চেষ্টা চালানো হয়েছে। এমতাবস্থায় প্রক্টরিয়াল বডি সাধারণ শিক্ষার্থীদের আহ্বান জানাচ্ছে যে, শিক্ষার পরিবেশ অক্ষুন্ন রাখতে তারা যেন হল ও বিভাগে বিশ্ববিদ্যালয়ের নিয়ম-শৃঙ্খলার অনুসরণ করার মধ্য দিয়ে প্রশাসনকে সহায়তা করে এবং মব সংস্কৃতির বিলোপে তারা যেন সজাগ ও সচেতন থাকে।

১৪/৯/২০২৫
(প্রফেসর ড. মোঃ আবদুল হাকিম)
প্রক্টর
কুমিল্লা বিশ্ববিদ্যালয়, কুমিল্লা।

14/09/25
14.09.2025
04.09.2025
14.09.2025